



প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনামঃ Training on Basic Biotechnology

২। কোর্সের মেয়াদঃ ৬ দিন

৩। কোর্সের বিষয়বস্তুঃ

ক. তত্ত্বীয়: Biotechnology in Bangladesh & NIB, Basic techniques in Biotechnology, Laboratory safety and personal hygiene, DNA sequencing and DNA finger printing, Lab note book and scientific paper writing etc.

খ) ব্যবহারিক: Genomic DNA extraction and quantification, PCR, Agarose gel electrophoresis, Restriction digestion, DNA sequencing, Plant tissue culture, Animal cell culture, Separation & Identification of compound by HPLC, Interactive Bioinformatics etc.

৪। আসন সংখ্যাঃ ২০ (বিশ) জন।

৫। অংশগ্রহণকারীর যোগ্যতা: বিশ্ববিদ্যালয়ে জীবপ্রযুক্তি বিষয়ে ৪র্থ বর্ষ/মাস্টার্সে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী।

৬। কোর্স ফি: ১,০০০.০০ (এক হাজার) টাকা। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংক এর যেকোন শাখা হতে প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযোজন করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর আবেদন পত্রে উল্লেখ করতে হবে এবং স্ক্যান করে আবেদন পত্রের সহিত ই-মেইলে পাঠাতে হবে। তবে মূল আবেদনপত্র ও ব্যাংক ড্রাফট/পে অর্ডার প্রশিক্ষণে অংশগ্রহণের সময় অবশ্যই সঙ্গে আনতে হবে।

৭। প্রশিক্ষণার্থী নির্বাচনঃ বিশ্ববিদ্যালয়সমূহের জীবপ্রযুক্তি বিভাগ হতে প্রস্তাবিত ছাত্রছাত্রীদের তালিকা অনুযায়ী। প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন ফরম পূরণপূর্বক স্ক্যানকপি ই-মেইল (hrdnib@gmail.com) এর মাধ্যমে নির্ধারিত সময়ে প্রেরণ করতে হবে। তবে প্রশিক্ষণ শুরুর দিন মূল কপি অবশ্যই এনআইবি'তে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন ফরম ও এ সংক্রান্ত তথ্যাদি এনআইবি'র ওয়েবসাইট (www.nib.gov.bd) হতেও সংগ্রহ করা যাবে।

৮। আবাসন সুবিধা: প্রশিক্ষণার্থীদের জন্য আবাসিক সুবিধা রয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীকে প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পূর্ব হতেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত হতে আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে অবশ্যই পূর্বের দিন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে এনআইবি'তে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে।

৯। খাবার ব্যবস্থা: প্রশিক্ষণার্থীদের জন্য এনআইবি'র ক্যাম্পাসে খাবারের ব্যবস্থা রয়েছে। খাবারের খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। খাবার বাবদ আনুমানিক ১,০০০- ১,২০০ টাকা ব্যয় হতে পারে।

১০। অন্যান্য: অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই এপ্রোন সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের সময় প্রশিক্ষণার্থীর সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এবং রেজিস্ট্রেশন ফরম এর মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি'র পক্ষ হতে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে অবশ্যই এনআইবি'র সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ

জনাব হাবিবুন নবী ফরহাদ
লাইব্রেরিয়ান ও বিভাগীয় ইনচার্জ এবং
কোর্স কো-অর্ডিনেটর, প্রশিক্ষণ বিভাগ
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
মোবাইল- ০১৭৪০-৮৬৫১৯৩, ইমেইল- hrdnib@gmail.com